অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/25/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ধরিত্রী সপ্তাহে, গভর্নর কুওমো জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করতে শক্তি সংরক্ষণ প্রকল্পগুলির জন্য 280 মিলিয়ন ডলার উপলভ্যতার কথা ঘোষণা করেছেন

অর্থায়নটি নিউ ইয়র্কে দেশের মধ্যে প্রথম 3,000 মেগাওয়াট সংরক্ষণের লক্ষ্য পূরণ করতে 400 মিলিয়ন ডলার প্রতিশ্রুতির অংশ

যা গভর্নরের গ্রীন নিউ ডীল (Green New Deal) - নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষতার পথে রেখে একটি পরিচ্ছন্ন শক্তি ও কর্মসংস্থানের পরিকল্পনা, সেটিকে সমর্থন করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো শিল্পের মধ্যে উন্নয়নকে ত্বরান্বিত করতে এবং একটি দীর্ঘস্থায়ী এবং সাশ্রয়ী বাজার গড়ে তোলার জন্য শক্তি সংরক্ষণকে কাজে লাগানোর খরচ হ্রাস করতে শক্তি সংরক্ষণ প্রকল্পগুলির জন্য সহায়তার হাত বাড়িয়ে দিতে 280 মিলিয়ন ডলার বরাদ্দের কথা ঘোষণা করেছেন। ধরিত্রী সপ্তাহের সময় ঘোষিত এই অর্থায়নটি, নিউ ইয়র্কে দেশের মধ্যে প্রথম, 2030 সালের 3,000 মেগাওয়াট শক্তি সংরক্ষণ স্থাপনার লক্ষ্য পূরণের জন্য 400 মিলিয়ন ডলার বিনিয়োগের একটি অংশ, এবং গভর্নরের গ্রীন নিউ ডীল - নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষতার পথে রেখে একটি পরিচ্ছন্ন শক্তি ও কর্মসংস্থানের পরিকল্পনাকে সমর্থন করে

"যুক্তরাষ্ট্রীয় প্রশাসন যখন জলবায়ু পরিবর্তনের ভয়ঙ্কর বাস্তবকে অস্বীকার করছে, সেই সময় নিউ ইয়র্ক একটি আরও দক্ষ পরিচ্ছন্ন শক্তি ব্যবস্থা গড়ে তুলে তার আগামীদিনের জন্য বিনিয়োগ করা অব্যাহত রেখেছে", **গভর্নর কুওমো বলেছেন।** "আমাদের এই পরিবর্তিত পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নেওয়ার কাজে শক্তি সংরক্ষণ গুরুত্বপূর্ণ এবং যখন আমরা দেশের বৃহত্তম শক্তি সংরক্ষণের লক্ষ্য পূরণের দিকে এগিয়ে চলেছি তখন এই অর্থায়ন আমাদের শিল্পটির উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টিতে সক্ষম করে তুলবে।"

"সমগ্র স্টেটে আমাদের উন্নয়নমূলক শক্তির লক্ষ্যগুলি এগিয়ে নিয়ে যেতে আমরা প্রকল্প ও কর্মসূচিগুলিতে বিনিয়োগ করছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "এই অর্থায়ন শিল্পটির উন্নতিসাধন এবং অনেক কর্মসংস্থান সৃষ্টি করে, পরিচ্ছন্ন শক্তি এবং শক্তি সংরক্ষণ প্রকল্পগুলিকে সহায়তা করার আমাদের প্রচেষ্টাগুলিকে অব্যাহত রাখবে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি আরও পরিচ্ছন্ন এবং সবুজ পরিবেশ নিশ্চিত করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করতে নিউ ইয়র্ক দেশকে পথ দেখাচ্ছে।"

শক্তি সংরক্ষণ, বায়ু এবং সৌর শক্তির উৎস থেকে উদ্বৃত্ত শক্তি ধরে ইলেকট্রিক গ্রিডের দক্ষতা বৃদ্ধি করে এবং পরে ব্যবহারের জন্য ওই উদ্বৃত্ত শক্তি শিল্পে ব্যবহারের জন্য উপযুক্ত আকারের ব্যাটারিতে সংরক্ষণ করে। গুরুত্বপূর্ণভাবে, শক্তি সংরক্ষণ, সর্বোচ্চ চাহিদার সময় এই অতিরিক্ত চাহিদা পূরণ করতে এই সংস্থানগুলিকে সক্ষম করবে।

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা এবং উন্নয়ন কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) মার্কেট অ্যাক্সিলারেশন ব্রিজ ইনসেনটিভ প্রোগ্রাম (Market Acceleration Bridge Incentive Program), স্টেটের জন্য একটি স্বনির্ভর বাজারকে সমর্থন করে, 2025 সালের মধ্যে স্টেটের 1,500-মেগাওয়াট শক্তি সংরক্ষণের লক্ষ্যমাত্রার প্রায় দুই-তৃতীয়াংশ যোগানে সহায়তা করবে। অর্থায়ন দুটি বিভাগে পাওয়া যাবে:

- বাল্ক স্টোরেজ প্রকল্পগুলির জন্য 150 মিলিয়ন ডলার: পাঁচ মেগাওয়াটের উপরের সিস্টেমগুলি যা প্রাথমিকভাবে হোলসেল মার্কেট এনার্জি বা বন্টন পরিষেবাগুলিকে প্রদান করে
- রিটেল স্টোরেজ প্রকল্পগুলির জন্য 130 মিলিয়ন ডলার: পাঁচ মেগাওয়াটের কম গ্রাহক-কেন্দ্রের সিস্টেমগুলি, যেগুলি ছোটো এবং একক ভাবে ইনস্টল করা হয়েছে বা সৌরশক্তি হিসাবে কেন্দ্রে উৎপাদনকারীর সাথে একত্রিত করা হয়েছে

রিটেল স্টোরেজ প্রকল্পগুলি স্টেটের সফল নিউ ইয়র্ক-সান মেগাওয়াট ব্লক প্রোগ্রামের (NY-Sun Megawatt Block program) মতো ডিজাইনের রিটেল এনার্জি স্টোরেজ ইনসেনটিভ প্রোগ্রাম (Retail Energy Storage Incentive Program) নামক একটি মেগাওয়াট আওয়ার ব্লক সিস্টেমের মাধ্যমে বন্টন করা হবে। রিটেল এনার্জি স্টোরেজ ইনসেনটিভ প্রোগ্রামকে দুটি অঞ্চলে বিভক্ত করা হয়: নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড বাদে স্টেটের বাকি অঞ্চল। প্রতিটি অঞ্চলে ইনসেনটিভের পরিমাণ নির্দীষ্ট করা থাকে এবং তারপর সেক্টর এবং অঞ্চল অনুযায়ী বাজারের কার্যকলাপের উপর ভিত্তি করে সময়ের সাথে কমানো হয়। আগে এলে আগে পাবে (first come, first served basis) এই ভিত্তিতে ইনসেনটিভগুলি দেওয়া হয় এবং কিলোওয়াট ঘন্টায় ব্যবহারযোগ্য ইনস্টল করা এনার্জি স্টোরেজের ক্ষমতার উপর ভিত্তি করে গণনা করা হয়। একটি অঞ্চল/সেক্টরের মধ্যবর্তী সমস্ত ব্লকগুলি সম্পূর্ণরূপে সদস্যতা না নেওয়া পর্যন্ত ইনসেনটিভগুলি পাওয়া যায়।

ইনসেনটিভ ফান্ডিং পাওয়ার জন্য বাল্ক প্রকল্পগুলির দুটি উপায় আছে: একটি নির্দীষ্ট ইনসেনটিভের পরিমাণ, যা 2025 সাল পর্যন্ত প্রতি বছর কমতে থাকবে, বা একটি ইউটিলিটি বাল্ক স্টোরেজ RFP-র মাধ্যমে, যা এই বছরের শেষের দিকে ইস্যু করা হবে। প্রকল্পগুলি শুধুমাত্র একটি ইনসেনটিভ বিভাগে অর্থ সাহায্য পাবে।

এখন উপলভ্য 280 মিলিয়ন ডলারের সাথে, একটি স্বনির্ভর সংরক্ষণের বাজারকে সহায়তা করতে সবথেকে বেশি সম্ভাবনাময় সুযোগগুলির উপর ভিত্তি করে NYSERDA ভবিষ্যতে আরও 70 মিলিয়ন ডলার বরাদ্দ করবে। বিশেষ করে লং আইল্যান্ডে অবস্থিত রিটেল ও বাল্ক স্টোরেজ প্রকল্পগুলির জন্য এই বছরের শেষের দিকে আঞ্চলিক গ্রীনহাউজ গ্যাস উদ্যোগে (Regional Greenhouse Gas Initiative) একটি অতিরিক্ত 53 মিলিয়ন ডলারের তহবিল যোগান দেওয়া হবে। বাল্ক

ইনসেনটিভগুলিতে যারা আগ্রহী তাদের জন্য NYSERDA 2রা মে একটি ওয়েবিনারের আয়োজন করেছে এবং রিটেল ইনসেনটিভগুলিতে যারা আগ্রহী তাদের জন্য 3রা মে আর একটি ওয়েবিনারের আয়োজন করেছে।

আমেরিকান জবস প্রজেক্টের (American Jobs Project) একটি সাম্প্রতিক রিপোর্ট অনুসারে,নিউ ইয়র্ক হার্ডওয়্যার উৎপাদন, উন্নত উপকরণ, সফটওয়্যার তৈরি এবং প্রকল্প ব্যবস্থাপনায় বিশেষজ্ঞ এমন প্রায় 100টি শক্তি স্টোরেজ কোম্পানির বাড়ি এবং তার বিশ্ববিদ্যালয়, জাতীয় ল্যাব, এবং ব্যবসা জুড়ে গবেষণার যে গভীরতা তার কল্যাণে শক্তি স্টোরেজ পেটেন্টগুলির জন্য দেশে পঞ্চম স্থানে অবস্থান করছে। রিপোর্টে দেখা গেছে নিউ ইয়র্কে শক্তি সংরক্ষণ শিল্পগুলিতে 3,450 জন চাকরি করছেন, যা বছরে 1 বিলিয়ন ডলার রাজস্ব সৃষ্টি করছে।

নিউ ইয়র্ক স্টেটে শক্তি সংরক্ষণ সেক্টরের উন্নতি ত্বরান্বিত করতে আজকের ঘোষণা গভর্নর কুওমোর নেওয়া একগুচ্ছ পদক্ষেপের মধ্যে সাম্প্রতিকতম। গত জুন মাসে, গভর্নর নিউ ইয়র্কের শক্তি সংরক্ষণের রোডম্যাপ প্রকাশ করেন, যা নিউ ইয়র্ককে 2025 সালের মধ্যে 1,500 মেগাওয়াট এনার্জি স্টোরেজ গঠনের লক্ষ্য পূরণে সক্ষম করে তুলতে পরামর্শগুলিকে সনাক্ত করে এবং এই মূল্যবান সমাধান থেকে সুবিধাগুলির ফল ভোগ করে। ডিসেম্বর মাসে, গভর্নর কুওমো, 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াটের একটি দ্বিতীয় লক্ষ্য ঘোষণা করেন যা দেশের মধ্যে বৃহত্তম এবং যা নিউ ইয়র্কবাসীদের 4 বিলিয়ন ডলারেরও বেশি সুবিধা প্রদান করবে এবং দুই মিলিয়ন মেট্রিক টন কার্বন ডাই অক্সাইড নির্গমণ এড়াবে। ডিসেম্বর মাসে, পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission) তার এনার্জি স্টোরেজের লক্ষ্য এবং তা কাজে লাগানোর নীতি (Energy Storage Goal and Deployment Policy) গঠন করার আদেশ জারি করে, যা এই দুটি লক্ষ্যকেই অবলম্বন করে এবং ইনসেনটিভ ফান্ডগুলি ব্যবহারের অনুমতি দেয়।

উপরন্তু, সমগ্র স্টেটে এনার্জি স্টোরেজ কাজে লাগানোকে আরও উদ্দীপিত করতে এবং বেসরকারি সেক্টরের বিনিয়োগকে অনুপ্রাণিত করতে, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) নিউ ইয়র্ক স্টেটের মধ্যে প্রতিযোগিতামূলক আবেদনে যৌথভাবে অংশগ্রহণ করতে আগ্রহী ব্যাটারি স্টোরেজ কোম্পানিগুলিকে বা অন্যান্য এনার্জি স্টোরেজ উন্নয়নের সুযোগগুলিকে সনাক্ত করতে তথ্যের জন্য একটি অনুরোধ (Request for Information, RFI) বার্তা ইস্যু করে। ইউটিলিটি-স্কেল অ্যাপ্লিকেশনে লিথিয়াম-আয়ন ব্যাটারি প্রযুক্তি ব্যবহার করা, এনার্জি স্টোরেজ ডেভেলপার, ব্যাটারি ইন্টিগ্রেটর, বা অন্যান্যদের কাছে, তথ্যের জন্য অনুরোধ (RFI) উন্মুক্ত। RFI অ্যাক্সেস করতে, Q19-6681MH এনার্জি স্টোরেজ যৌথ সুযোগ (Energy Storage Joint Opportunities) নামের অধীনে NYPA-র প্রক্রিয়াকরণ ওয়েবপৃষ্ঠাটি দেখুন। 13ই মের মধ্যে উত্তর দিতে হবে।

নতুন এনার্জি স্টোরেজ এবং বিদ্যুৎ চালিত গাড়ি প্রযুক্তি এবং ব্যবসার মডেলগুলি প্রদর্শন করে উন্নত পরীক্ষামূলক প্রকল্পগুলিকে সহায়তা করতে গভর্নর কুওমো সম্প্রতি নিউ ইয়র্ক ইউনিভার্সিটি ট্যান্ডন স্কুল অফ ইঞ্জিনিয়ারিং (New York University Tandon School of Engineering) এর আরবান ফিউচারের সাথে একটি উদ্ভাবনী চ্যালেঞ্জ অংশীদারীত্বের কথাও ঘোষণা করেছেন। ইতিমধ্যে বাণিজ্যিকভাবে উপলভ্য এবং বাণিজ্যিকভাবে উপলভ্য নয় কিন্তু নিউ ইয়র্কে পুনরায় ব্যবহারযোগ্য

শক্তির উৎসগুলিকে সহায়তা করতে পারে এমন প্রযুক্তি, উভয়ের জন্য, NYSERDA পরিচ্ছন্ন শক্তি তহবিল থেকে 22 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে।

অ্যালিসিয়া বার্টন, NYSERDA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা বলেছেন, "আজকের বলিষ্ঠ পদক্ষেপ দেশে শক্তি সংরক্ষণের জন্য অন্যতম বৃহৎ প্রতিশ্রুতি এবং গভর্নর কুওমোর জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার অঙ্গীকারকে এগিয়ে নিয়ে যেতে অর্থনৈতিক উন্নয়ন সৃষ্টি করার সাথে সাথে শক্তি সংরক্ষণ শিল্প গড়ে তুলবে। যেহেতু বায়ু ও সৌরশক্তির মতো আরো নবায়নযোগ্য শক্তির সংস্থানকে কাজে লাগানো হচ্ছে, সেইজন্য শক্তি স্টোরেজ এইসব পরিবর্তনশীল সংস্থানগুলিকে আরও ভালোভাবে একত্রিত করতে ইলেকট্রিক গ্রিডের দক্ষতা বৃদ্ধি করবে এবং নিউ ইয়র্ক বাসীদের একটি আরও পরিচ্ছন্ন, আরও ভরসাযোগ্য এনার্জি সিস্টেম প্রদান করবে।"

জনসেবা অধিদপ্তরের (Department of Public Service) সিইও জন বি. রোডস বলেন, "শক্তি সংরক্ষণ গভর্নর কুওমোর গ্রীন নিউ ডিলের একটি গুরুত্বপূর্ণ উপাদান, যেহেতু এটি বায়ু এবং সৌরশক্তির মতো নবায়নযোগ্য শক্তির উৎসগুলির সামগ্রিক দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করে। নিউ ইয়র্কবাসীরা একটি আরও পরিচ্ছন্ন ইলেকট্রিক গ্রীড চায় এবং স্রটি তাদের চাহিদা, এবং শক্তি সংরক্ষণ সেই কামনাকে বাস্তবায়িত করার অপরিহার্য্য অংশ।"

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি প্রেসিডেন্ট এবং নির্বাহী প্রধান কর্মকর্তা গিল সি. কুইনিওনস বলেছেন, "শক্তি সংরক্ষণের সম্প্রসারণ গ্রীডের নমনীয়তা গঠনে এবং নবায়নযোগ্য এনার্জির সমাধানগুলি এগিয়ে নিয়ে যাওয়ার মূল চাবিকাঠি যাতে আমাদের একটি দক্ষ এবং নির্ভরযোগ্য শক্তি সরবরাহ থাকে বিশেষ করে চাহিদা যখন খুব বেশি থাকে এবং আপৎকালীন অবস্থার সময়। আমরা যখন পরবর্তী প্রজন্মের দক্ষতা বৃদ্ধিকারী এবং একটি আরও পরিচ্ছন্ন এবং সবুজ এনার্জি সিস্টেমের জন্য তৈরি উদ্ভাবনসমূহের জন্য অনুসন্ধান করছি তখন NYPA শক্তি সংরক্ষণে বেসরকারী বিনিয়োগকে অনুপ্রাণিত করতে এবং নতুন অংশীদারদের সাথে গাড়ছড়া বাঁধতে ভালো অবস্থানে আছে।"

সেনেটর কেভিন পার্কার বলেছেন, "শক্তি সংরক্ষণে বিনিয়োগ আমাদের একটি পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যত থাকা নিশ্চিত করতে একটি গুরুত্বপূর্ন পদক্ষেপ। এনার্জি এবং টেলিকমিউনিকেশন কমিটির (Energy and Telecommunications Committee) সভাপতি হিসাবে আমরা সঠিক পথে এগিয়ে চলেছি তা নিশ্চিত করার প্রচেষ্টায় এই বলিষ্ঠ উদ্যোগ তৈরি করার জন্য এবং গ্রীন নিউ ডীলে উপস্থাপিত আমাদের লক্ষ্যমাত্রায় পৌঁছানোর জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই।"

বিধান সভার সদস্য মাইকেল কিউসিক বলেছেন, "শক্তি সংরক্ষণ হল বায়ু ও সৌরশক্তি সহ নবায়নযোগ্য শক্তির উৎসগুলির সম্পূর্ণ সম্ভাবনা আনলক করার চাবিকাঠি। গ্রীড চালকদের অন্তর্বর্তী শক্তি উৎপাদনের দ্রুত প্রেরণের সময়-বদলাতে, সংরক্ষণ প্রযুক্তি এই শূণ্য-নির্গমন সুবিধাগুলির ব্যবহার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা সম্ভব করবে। আজকের এই ঘোষণায় আমি রোমাঞ্চিত এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি পরিচ্ছন্ন গ্রীড তৈরি করতে প্রশাসন এবং শিল্পে আমাদের অংশীদারদের সাথে কাজ করার আশায় থাকব।"

এনার্জি স্টোরেজ অ্যাসোসিয়েশন এর প্রধান নির্বাহী কর্মকর্তা কেলি স্পিকস-ব্যাকম্যান বলেছেন, "NYSERDA এর দায়বদ্ধতা প্রদর্শন করে যে নিউ ইয়র্ক তার 2030 সালের লক্ষ্য পূরণে ঐকান্তিক এবং এম্পেয়ার স্টেটে শক্তি সংরক্ষণ শিল্পগুলিতে বিনিয়োগ, নিয়োগ এবং উদ্ভাবনের জন্য একটি সুস্পষ্ট ইঙ্গিত প্রদান করে। যখন নিউ ইয়র্কের কর্মকর্তাগণ শক্তি সংরক্ষণ পরিষেবাগুলির জন্য একটি দীর্ঘস্থায়ী বাজার তৈরি করতে নিয়মগুলিকে সংশোধন করছেন তখন মার্কেট অ্যাক্সিলারেশন ব্রীজ ইনসেনটিভ প্রোগ্রাম ইলেকট্রিক গ্রীড এবং বাড়িতে গঠিত ব্যবসা, উভয়তেই এখনই বিনিয়োগ করতে উৎসাহিত করে।"

মাইলস ফার্মার, NRDC-র সিনিয়র অ্যাটর্নি, জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তি, বলেছেন, "শক্তি সংরক্ষণ শিল্পের অভাবনীয় উত্থাণ নিউ ইয়র্কের প্রাচীন এবং হাড় জিরজিরে কঙ্কালসার রুগ্ন পাওয়ার প্ল্যান্টগুলি, যা নিউ ইয়র্কের বেশিরভাগ অনুন্নত কমিউনিটিগুলিতে দীর্ঘদিন ধরে মানুষের আয়ু কমিয়েছে এবং হাঁপানি ও অন্যান্য গুরুতর শারিরিক অসুস্থতার কারণ হয়ে দাড়িয়েছে, তার পরিবর্তে বিশ্বাসযোগ্য বিকল্প তৈরি করবে। যেহেতু স্টেট তার উচ্চাকাঙ্খী পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যগুলিতে পৌঁছাতে এগিয়ে চলেছে, তখন শক্তি সংরক্ষণ, ক্ষতিকর বায়ুদূষণ হ্রাস করে এবং জনস্বাস্থ্য রক্ষা করে গ্রীডকে শক্তিশালী করতে সহায়তা করবে।"

NY-BEST এর নির্বাহী পরিচালক ড. উইলিয়াম একার বলেন, "শক্তি সংরক্ষণ, একটি কার্বন মুক্ত গ্রীড, ইলেকট্রিকাল সিস্টেমের দক্ষতা উন্নয়ন, এবং অর্থনৈতিক উন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। নিউ ইয়র্ক স্টেটে এই শক্তি, অর্থনীতি, এবং পরিবেশগত সুবিধাগুলি নিয়ে এসে শক্তি সংরক্ষণের বাজারে ডিপ্লয়মেন্টকে ত্বরান্বিত করতে গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্ব এবং রূপান্তরকারী পদক্ষেপের জন্য NY-BEST তাদের সাধুবাদ জানায়।"

নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর গ্রিন নিউ ডিল, দেশের শীর্ষস্থানীয় পরিষ্কার শক্তি এবং কর্মসংস্থান এজেন্ডা যা আগ্রাসীভাবে নিউ ইয়র্ক স্টেটকে কার্বন নিরপেক্ষ বিস্তৃত-অর্থনীতির পথে নিয়ে যাবে। এই উদ্যোগের ফলে পরিচ্ছন্ন শক্তিতে একটি ন্যায্য রূপান্তর হবে, পরিবেশ বান্ধব অর্থনীতির বিকাশ ত্বরান্বিত হবে এবং 2040 সালের মধ্যে নিউ ইয়র্কের শক্তিকে বাধ্যতামূলকভাবে 100 শতাংশ পরিচ্ছন্ন হতে হবে, এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বাধিক আগ্রাসী লক্ষ্যের একটি। এই নতুন প্রস্তাবিত আদেশটির ভিত্তি হল 2030 সাল নাগাদ নিউ ইয়র্কের সফল ক্লিন এনার্জি স্ট্যান্ডার্ডের 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুতে উল্লেখযোগ্য বৃদ্ধি। নবায়নযোগ্য শক্তির অভূতপূর্ব উত্থানের অংশ হিসাবে, নিউ ইয়র্ক যেহেতু তার পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যগুলি বৃদ্ধি করছে তাই সমগ্র স্টেট জুড়ে 46টি বৃহদায়তন নবায়নযোগ্য প্রকল্পে ইতিমধ্যে 2.9 বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে। এই লক্ষ্যগুলি 2035 সালের মধ্যে নিউ ইয়র্কের সমুদ্র তীরবর্তী বাতাসের লক্ষ্য চার গুণ করে 9,000 মেগাওয়াটে পৌঁছানোর লক্ষ্য যা দেশের মধ্যে প্রথম, 2025 সালের মধ্যে বন্টিত সৌরশক্তির নিয়োজন দ্বিগুণ করে 6,000 মেগাওয়াট; এবং 2030 সালের মধ্যে শক্তি সংরক্ষণের 3,000 মেগাওয়াট নিয়োজনকে অন্তর্ভুক্ত করে। এই উচ্চাকাঙ্ক্ষী কাজে সহায়তা প্রদান করতে, নিউ ইয়র্ক গ্রিন ব্যাঙ্ক (NY Green Bank) তার বিশেষজ্ঞতা ব্যবহার করবে প্রতি সর্বজনীন ডলারের বৃহত্তর পরিবেশগত প্রভাব লালনের উদ্দেশ্যে আর্থিক ফারাক অতিক্রম করতে 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ তুলে তৃতীয় পক্ষের

তহবিলে পরিবেশগত অর্থায়নের উপলভ্যতা প্রসারিত করতে নিউ ইয়র্ক এবং উত্তর অ্যামেরিকার বাকি অঞ্চল জুড়ে।

রিফর্মিং দ্য এনার্জি ভিশন (Reforming the Energy Vision, REV)
গ্রিন নিউ ডিল গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর ল্যান্ডমার্ক রিফর্মিং দ্য এনার্জি ভিশন কৌশলের উপর ভিত্তি করে গঠন করে পরিবেশ পরিবর্তনের ক্ষেত্রে নেতৃত্ব দিতে এবং নিউ ইয়র্কের অর্থনীতি বৃদ্ধি করতে। REV সৌর, বাতাস, এবং শক্তির দক্ষতা এবং সংরক্ষণে বিনিয়োগকে অনুপ্রাণিত করে সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য আরও পরিচ্ছন্ন, আরও প্রাণবন্ত এবং সাশ্রয়ী শক্তির সিস্টেম গড়ে তুলছে। ইতোমধ্যেই, REV স্টেট জুড়ে সৌর বাজারকে প্রায় 1,500 শতাংশ বৃদ্ধি করেছে, 1.65 মিলিয়ন নিম্ন-আয়ের গ্রাহকদের জন্য শক্তি সামর্থ্যের মধ্যে নিয়ে এসেছে এবং নিউ ইয়র্ক স্টেটে উৎপাদন, প্রকৌশল ও অন্যান্য পরিচ্ছন্ন প্রযুক্তির ক্ষেত্রে 150,000 লোকের কর্মসংস্থান করেছে।

গ্রিন নিউ ডিল ও REV সম্পর্কে আরো জানতে, দেখুন rev.ny.gov, আমাদের অনুসরণ করুন, ফেসবুক, লিঙ্কডিন এবং টুইটারে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন